দৈনিক ইনকিলাব



তারিখ ... DEC. 1 5 1988
পৃষ্ঠা ... কলাম ...

# প্রধানমন্ত্রীকে ডক্টরেট ডিগ্রী দেয়ার প্রতিবাদে শনিবার ঢাকায় ৬-১২টা হরতাল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ডক্টরেট ডিগ্রী প্রদানের সিদ্ধান্তের প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠন আগামী শনিবার রাজধানী ঢাকায় অর্ধদিবস হরতাল আহবান করেছে। জাতীয়তাবাদী ছাত্রদল, জাতীয় ছাত্র সমাজ, গণতান্ত্রিক ছাত্র লীগ,

৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## শনিবার ৬-১২ টা হরতাল

প্রথম পৃষ্ঠার পর

জাগপা সমর্থিত ছাত্র লীগ গতকাল পৃথক পৃথকভাবে কর্মসূচী ঘোষণা করে। এছাড়া ইসলামী ছাত্র শিবির এ হরতালের প্রতি তাদের সর্বাত্মক সমর্থন জানিয়েছে। উল্লেখ্য, আগামী ১৮ ডিসেম্বর (শনিবার) অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম সাধারণ সমাবর্তনে প্রধানমন্ত্রীকে ডক্টরেট ডিগ্রী প্রদান করা হবে।

জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (মঙ্গলবার) সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আগামী শনিবার সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ঢাকা শহরে হরতালের কর্মসূচী ঘোষণা করে। এছাড়া গণতান্ত্রিক ছাত্র লীগ ও জাগপা সমর্থিত ছাত্র লীগ গতকাল পৃথক পৃথকভাবে অনুষ্ঠিত জরুরী সভায় এ কর্মসূচী ঘোষণা করে। জাতীয় ছাত্র সমাজ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছে, তারা আগামী শনিবার ঢাকা শহরে অর্ধদিবস হরতাল পালন করবে।